

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ২১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ : ০৩ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং-৩০৯-আইন/২০১৮/৮১৭-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই বিভাগের ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং-২২৫-আইন/২০১৭/৭৭৫-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর—

(ক) প্রস্তাবনা অংশে উল্লিখিত—

(অ) “৪৪.১৪” সংখ্যাগুলি ও চিহ্ন এর পরিবর্তে “৪৪.১৪ ও ৪৪.১৪” সংখ্যাগুলি, শব্দ ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(আ) “রেফ্রিজারেটর ও ফ্রিজারকে, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত এর স্থানীয় উৎপাদন পর্যায়ে এবং রেফ্রিজারেটর ও ফ্রিজার” শব্দগুলি এবং কমার পরিবর্তে “যথাক্রমে কম্প্রসর, রেফ্রিজারেটর ও ফ্রিজারকে, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত এর স্থানীয় উৎপাদন পর্যায়ে এবং কম্প্রসর, রেফ্রিজারেটর ও ফ্রিজার” শব্দগুলি এবং কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৩০৮৭)

মূল্য : টাকা ৪.০০

(খ) শর্তাবলীর দফা (ঘ) এর পর নিম্নরূপ দফা (ঘঘ) সন্নিবেশিত হইবে, যথা:—

“(ঘঘ) কম্প্রেসর উৎপাদনকারী প্রতিষ্ঠানে Sand Moulding Machine, Induction Melting Furnace, Heat Treatment Furnace, Spectrometer, Upper Cover Press Machine, Lower Cover Press Machine, Crankshaft Grinding Line, Crankcase Machining Line, Stator Line, Lamination Annealing Furnace, Dip Phosphating Line, Rotor Line, Life Testing Machine, Hemi-anechoic Chamber, CNC Coordinate Measuring Machine & Calorimeter থাকিতে হইবে;”;

(গ) অনুচ্ছেদ ৫ এ উল্লিখিত “৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে “৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ডুইয়া, এনডিসি
সিনিয়র সচিব।